

# Heat & Hit

## Part (I & II)



ডাঃ এস, এম, কামাল

মডার্ণ পাবলিকেশন্স

# আন্তর্জাতিক হোমিওপ্যাথিক ওয়ার্কশপ-২০১২

গত ৩১শে মে, ১লা ও ২রা জুন ২০১২ তারিখে যশোর মনিহার মিলনায়তনে ৩ (তিন) দিন ব্যাপী আন্তর্জাতিক হোমিওপ্যাথিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। হোপ ফাউন্ডেশন, যশোর এবং স্বাধীনতা চিকিৎসা পরিষদ, যশোর কর্তৃক এই আন্তর্জাতিক ওয়ার্কশপ বা কর্মশালা আয়োজন করা হয়। আয়োজকদের মধ্যে ছিলেন ডাঃ আবুল বাশার, ডাঃ সাদিকুর রহমান, ডাঃ শেখর চন্দ্র, ডাঃ হাসানুজ্জামান, ডাঃ জাহাঙ্গীর প্রমুখ।

এই ওয়ার্কশপে ভারত থেকে এসেছিলেন মুল প্রশিক্ষক ডাঃ কল্যাণ কুমার শুর এবং তার স্ত্রী ডাঃ মঞ্জিরা। বাংলাদেশের স্বনামধন্য হোমিওপ্যাথিক কিচিৎসকদের মধ্যে ছিলেন ডাঃ শেখ ফারুক এলাহী, এমবিবিএস, ডিএইচএমএস, এসএফ হোম (সিডনী) এএমএফএইচ (যুক্তরাজ্য), এফ অর এসএইচ (ইউকে) ডাঃ এস, কে বাউয়ালী, এমবিবিএস, ডিএফ, হোম (লন্ডন), এমএফ হোম, এম ডি (হোম) (লন্ডন) এবং ডাঃ দেবাশীষ রানা।

উক্ত ওয়ার্কশপে ডাঃ সেগালের Revolutionized Homeopathy রেভালুশনাইজড হোমিওপ্যাথি অনুসারে কিভাবে কেস টেকিং করতে হয়, রোগী ব্যবস্থাপনা করতে হয় প্রভৃতি বিষয়ের উপরে প্রশিক্ষণ দেয়া হয়।

ডাঃ এস, কে, বাউয়ালী হোমপ্যিাথিক রেপার্টরীর "DISCONCERTED রুব্রিক নিয়ে বিস্তারিত তথ্যবহুল আলোচনা করেন। পাঠকদের জ্ঞাতার্থে এই rubric (রুব্রিক = লক্ষণ শিরোনাম / লক্ষন সার) সম্পর্কে আলোচিত মূল কথাগুলো অতি সংক্ষেপে তুলে ধরা হলো যাতে করে অন্যান্য হোমিও চিকিৎসক এবং শিক্ষার্থী ভাই-বোনেরা উপকৃত হতে পারেন।

DISCONCERTED শব্দটি CONCERTED এর নেতিবাচক রূপ। CONCERTED (Adj) শব্দটি মূল শব্দ CONCERT থেকে উদ্ভূত হয়েছে। CONCERT অর্থ ঐক্য, ঐকমত্য, সামঞ্জস্য, সঙ্গতি, সুরসঙ্গতি, ঐকতান, ঐকতানবাদন, তালসংগতি, ছন্দময়তা। CONCERT থেকে CONCERTED (Adjective)–এর অর্থ হলো - ঐকমত্য, সমন্বিত, সামঞ্জস্যপূর্ণ, সঙ্গতিপূর্ণ, সুরসঙ্গত, ঐকতানযুক্ত, তালসংগত, ছন্দময়। এর বিপরীত হলো DISCONCERTED (অসঙ্গতিপূর্ণ; ঐকতানহীন; সামঞ্জস্যবিহীন; বেতাল; বেসুরো; ছন্দহীন)

"DISCONCERTED" রুব্রিকটার মধ্য দিয়ে রোগীর আবেগ অনুভূতি  আচরণ কি রকম হতে পারে সে সম্পর্কে রোগীর আত্মীয়-স্বজন বা আপন জন বা পরিচর্যাকারীদের মাধ্যমে জানা যেতে পারে– এখানে রুব্রিকটা ভালমত বোঝার জন্য ডাঃ এস, কে বাউয়ালী প্রদত্ত ১১ টা রোগীলিপির মধ্যে থেকে মাত্র কয়েকটা রোগীলিপি দেয়া হলো ঃ

(১) রোগী–ছাত্র, বয়স – ১৪ বছর। তার মা বলছে, "দেখুন ডাক্তার বাবু, আমার ছেলে খুব ভাল ছাত্র, একদিনও স্কুল কামাই করেনা, পড়াশুনায় খুবই মনোযোগী, হঠাৎ কি হলো, কেমন ঘুজ ঘুজ করছে, পড়ায় একেবারেই মন নাই, স্কুলে যেতে চাচ্ছেনা, বাবার মারের ভয়ে না গেলে নয়, তাই স্কুলে যায়, বই লয়ে বসে, তবে পড়ে না। আমরা সবাই কত বুঝাচ্ছি কোন কাজ হচ্ছে না, বাবার হাতে মার খেয়ে মরছে, কিন্তু ও যা তাই আছে। মাঝে মাঝেই এই বাতিকে ওকে ধরে, আর মার খেয়ে মরে, একে আর ভাল লাগে না।" Prime Rubric DISCONCERTED ঔষধ IGNATIA

(২) রোগী গৃহিণী, ২ সন্তানের জননী, বয়স – ২৫

স্বামী ঃ 'স্যার, আগে ভাগে আমি একটু বলে যাই, এখন কিন্তু ও একদম মতিছন্ন! একদম শিশুসুলভ মন! কিচ্ছু বোঝা যাবেনা! কিছুক্ষণ ওর সাথে থাকলে আপনার মাথা খারাপ হ'য়ে যাবে, অবাকও হবেন স্যার! ভাববেন ও করে কি! বলে কি! কোন মাথামুন্ডু তো কিচ্ছু নাই! যখন যে ভাব হবে তার অন্যথা কেউ তাকে বোঝাবে, মানুষ তো দূরের কথা, এ শিবেরও অসাধ্য! কি আর করব স্যার, আমাকে সদা আলোর উপরই থাকতে হচ্ছে, কখন কি করবে, কি বলবে কিচ্ছু ঠিক নাই, যা খুশী তাই করে, যা ইচ্ছা তাই বলে, বাধা না দিলে ভাল, ওকে বাধা দিলে তো আগুন ছুটবে! তবে সুখের বিষয় একটাই, এই ভাব এক দুই তিন দিনের বেশী স্থায়ী হয় না'!! PRIME RUBRIC DISCONCERTED.

(৩) শ্বাশুড়ী ঃ– আমার বৌমার মন খারাপ ছিল, মুখ ভার ক'রে ভর-সন্ধ্যায় পুকুরঘাটে বসে ছিল। আর যায় কোথায়! ওখানে তো অসময়ে মিশ্রি ঘুরে বেড়ায়! সে কি আর ছাড়ে! মিশ্রি....বুঝলেন না স্যার! ঐ যে মেঝে বাবুর মেয়ে! বিষ খেয়ে মরেছিল! সন্ধ্যায় কবিরাজ এসেছিল, মস্তবড় কবিরাজ! কি ভাবে কখন ধরেছে, সব বলেছে! বাদল কবিরাজের.....! স্বীকার না করে কি উপায় আছে! মেঝেবাবুর স্যানা মেয়ে, মরে হইছে পেত্নী, এখনও

বিয়ে হয়নি, উস্তুল-পেত্নী! সেও তো কিছু কম যায় না! সমান সমান! কি বলব বাবু বাদল ফেল মেরেছে! যাবার সময় আমাকে কানে কানে বলে গেছে এ পেত্নী সে পেত্নী নয়, এ বুথমীটেরা, মামদো-ভেড়ী, মাগী-পেত্নী, কবিরাজে কাজ হবে না, আগে ডাক্তার দেখাও, তারপর আমারে ডেকো, আমি চললাম। দেখুন বাবু, বাড়ী হাট মিলেছে! গ্রামের পুরুষ-মেয়েরা দলে দলে মিশ্রিকে দেখতে আসছে, যে দেখছে সেই অবাক হচ্ছে, কাল যে বউ রেধেছে বেড়েছে, হাসিখুশি গল্প করেছে, আজ তার এ কি হ'ল! শান্ত নরম, সবারে মান্নিবোধে পয়লা নম্বর যে বউ, আজ সে মাথায় ঘোমটা রাখছেনা, কিচ্ছু খেয়াল করছেনা। আবার একটু পরে কেঁদে বুক ভাসায়, যেন কিছু বোঝেনা, গোবোর পোরা মাথা, বোধপত্তি কিচ্ছু নাই, যাকে পায় হাত-পা ধরে, ক্ষমা চায়, হাটু সমান ঘোম্‌টা দেয়, এ কি পাগল না ছাগল! পাঠার কানে লক্ষ মন্ত্র দিলেও যা, আমার বৌমাকে হাজার বুঝালেও তা'। বাদল কবিরাজ বলেছে, এটা বুথ্‌মী-মিশ্রির ১৫১ তম আছর! তাই বাইল ফেরাতে ভুথ্‌মির সময় লেগে যায়, এই কারনেই কয়েক মাস পর পর আমার বৌমা ধরা খায়, দেখুন বাদল কবিরাজের কি অকাট্য যুক্তি, এইবার ভাবুন বাদল কতবড় কবিরাজ'! PRIME STATE DISCONCERTED.

(৪) রোগী গৃহিণী, বয়স– ২৫/২৬ রুচিশীল, বুদ্ধিমতি, আত্মসচেতন মহিলা, বাচনভঙ্গি প্রশংসনীয়, অত্যন্ত সুন্দর ভাবে নিজের প্রয়োজনীয় সব কথা সম্পন্ন করিয়া যাইবার সময় বলিতেছেন 'আমার রোগ যদি না সারে আপনার হাত কামড়ে ফুটো করে দেব কিন্তু!' [ভাবটি এমন যেন আমার হাতটি ধরে কামড় দেয় আর কি!] PRIME RUBRIC DISCONCERTED.

(৫) দশম শ্রেণির চাত্র, বয়স-১৪ ছেলেটি খুবই যুক্তিবাদী, বুদ্ধিমান, আত্মসচেতন, নিজের রোগ-লক্ষণাদি সুন্দর ভাবে বর্ণনা করেছে, কিন্তু আশ্চর্যজনকভাবে মাঝে মাঝে নিজ কণ্ঠস্বর পরিবর্তন [চিকন] ক'রে বলছে 'ওতুত তাও'। PRIME RUBRIC DISCONCERTED. ঔষধ IGNATIA AMARA. ছেলেটির অন্যান্য অসুবিধা সহ অনিয়মিত হৃদস্পন্দন এই ঔষধে ভাল হয়ে যায়।

(৬) রোগিণী অবিবাহিতা, দ্বাদশ শ্রেণির ছাত্রী, ভাল ছাত্রী, মেয়েটি যথেষ্ঠ বুদ্ধিমতী, খুব সুন্দর ও স্বাভাবিক ভাবে নিজের প্রয়োজনীয় কথাগুলি

বলছিল। উঠে যাবার সময় বলল 'স্যার' আপনাকে আমার খুব ভাল লেগেছে, গত দিন মার্কেটিং এ গিয়েও আপনার কথা মনে হচ্ছিল, ভাবলাম স্যারকে একটা কিছু উপহার দিতেই হবে। আপনার জন্য ভারি সুন্দর একটি জিনিস কিনেছি, আপনাকে কিন্তু নিতেই হবে, আপনি কিন্তু না বলতে পারবেন না, আর না বললেও আমি শুনবোনা'। এই বলে সে নিজের ব্যাগ হতে বের করল একটি ছোট খেলনা বাস! হাত দিয়ে ঐটি টেবিলের উপর এদিক ওদিক চালাতে লাগল আর বলতে লাগল দেখুন কি সুন্দর চলছে, নিশ্চয়ই আপনার পছন্দ হয়েছে! কাজের ফাঁকে ফাঁকে আপনিও এই ভাবে এইটি চালাবেন, দেখবেন কি মজা'। PRIME RUBRIC 'DISCONCERTED'.

(৭) রোগিণী দ্বাদশ শ্রেণির ছাত্রী, বিবাহিতা দুই বছর, এখনও বাচ্চা হয়নি। যোনিপথে প্রচুর রক্ত স্রাব হচ্ছে, প্রচুর এ্যালোপ্যাথিক চিকিৎসা করা হয়েছে, কোন ফল হয়নি, শেষ অবধি শহরের বড় বড় স্ত্রীরোগ বিশেষজ্ঞগণ একমত হয়েছেন, অপারেশন করতে হবে, জরায়ু পুরাপুরি কেটে বাদ দিতে হবে, যেহেতু জরায়ুতে অনেকগুলি বড় বড় টিউমার হয়েছে, টিউমার হতে রক্তস্রাব কোন ভাবেই বন্ধ করা যাচ্ছে না। জীবন রক্ষার্থে সবে বিবাহিত সন্তানহীন এই মেয়েটির জরায়ু কেটে বাদ দিতে হবে, ইহাই বিশেষজ্ঞ চিকিৎসকদের সুচিন্তিত অভিমত। মেয়েটিকে আমাদের হোমিওপ্যাথিক নার্সিংহোম ভর্তি করা হয়েছে, তার শরীরে রক্ত প্রায় নাই! হিমোগ্লোবিন ৩৫% এর কাছাকাছি! হোমিওপ্যাথিক নার্সিংহেমেই তাকে কয়েক ব্যাগ রক্তও দেওয়া হ'ল। উপর্যুপরি রক্তক্ষরণ তখনও চলছে। খুব গভীর ভাবে পর্যবেক্ষণও চলছে, বড়ই এলোমেলো অবস্থা! তাকে বোঝাই যাচ্ছেনা! এক এক বার এক এক রকম। হিমোগ্লোবিন এত কম যে উঠে বসলে মেয়েটি অন্ধকার দেখে, তাকে বোঝানো হচ্ছে, উঠে বসতে বারণ করা হচ্ছে, তবু দেখা যায় হাসি মুখে সে বেডে বসে আছে। শান্তশিষ্ট মানুষ, তার অসুবিধার কথাগুলি প্রতিবারই খুবই নম্র ও ভদ্র ভাবে উপাস্থাপন করে, এত অসুবিধার মধেও তার শালীনতা বোধ উল্লেখযোগ্য প্রকারেই লক্ষণীয়। বেডরেস্ট তেমন মানছে না! ভয় হচ্ছে রক্তশূন্যতা তার মৃত্যুর কারণ না হয়! এরই মধ্যে, অবস্থায়, এক সকালে দেখা গেল মেয়েটি সেজেগুজে লক্ষী প্রতিমার মত হাসিমুখে তার বেডে বসে আছে। এই অবস্থায়, এই ভাবে, তাকে দেখে আমরা তো সবাই অবাক!! তার PRIMERUBRIC টি

'DISCONCERTED' নির্ণিত হ'ল। ঔষধটি নির্ণিত হ'ল IGNATIA AMARA/m/1 Potency তে ঔষধটি প্রয়োগ করা হ'ল। খুবই দ্রুত রক্তক্ষরণ সম্পূর্ণ রূপে বন্ধ হ'ল। ঔষধ প্রয়োগের ১০ম দিবসে আলট্রাসনো করা হ'ল রিপোর্ট এল, নর্মাল, জরায়ুতে কোন টিউমার নাই। রিপোর্ট দেখে আমরা অবাক, এত অল্প সময়ে এতটা আমারা আশা করি নাই, রোগীর লোকেরা তো বিশ্বাস করতেই পারলনা, তারা গোপনে অন্য আর একটি ল্যাব থেকে পুনঃ আল্ট্রাসনো করল, পুনঃ রিপোর্ট এল নর্মাল, কোন টিউমার নেই। ১১ তম দিবসেই হাসিমুখে রোগিণী গৃহে প্রত্যাবর্তন করল।

রোগী ডাক্তারের কাছে এসে বিভিন্ন ধরনের কথা বলে। বিভিন্ন অভিব্যক্তি (Expression) অর্থাৎ কথা, আচারণ, অঙ্গভঙ্গির মাধ্যমে তার অন্তরে লুকিয়ে থাকা অনেক অব্যক্ত যন্ত্রণা ব্যক্ত করে। আপাত দৃষ্টিতে সেগুলো অতি সাধারণ মনে হলেও Rediscovery of Homoeopathy অনুসারে সেগুলো খুবই গুরুত্বপূর্ণ বিভিন্ন কথার মধ্যে একটা মূল সুর বেজে ওঠে সেটাকে কেন্দ্র করে অগ্রসর হতে হয়। গত ০২/০৬/১২ ইং তারিখে **ডাঃ দেবাশীষ রানা** এ জাতীয় কিছু ভাষ্য যেগুলো প্রায়ই আমরা রোগীদের কাছ থেকে শুনে থাকি আমাদের সামনে স্লাইডের মাধ্যমে উপস্থাপন করেন।

আমাদের একটা সদৃশ ঔষধের প্রয়োজন হয়। কিন্তু কিসের সদৃশ?

১। রোগের ব্যক্তিস্বন্ত্র্যসূচক প্রকাশ/আর্বিভাব (An individual appearance of disease)

২। লক্ষণ সমষ্টি (Totality of symptom)

৩। মন এবং ঝোঁক/প্রবণতার পরিবর্তিত অবস্থা (The altered state of the mind and disposition)

**<u>১। সদৃশতম ঔষধের প্রাথমিক ধারণা (Primary Concept of the Similimum)</u>**

রোগের ব্যক্তিস্বাতন্ত্রসূচক আবির্ভাব/প্রকাশ, স্থান (Location) সংবেদন (Sensation) ; হ্রাস-বৃদ্ধি (Modality); কারণ (Causation) আনুষঙ্গিক (Concomitant); সদৃশতম ঔষধের মধ্যবর্তী পর্যায়ের ধারণা (Secondary Concept of the Similimum)

**<u>২। লক্ষণ সমষ্টি/লক্ষণ সমগ্র (Totality of symptoms)</u>**

সার্ব দৈহিক, সার্বিক মানসিক লক্ষণ; গুরুত্বপূর্ণ বিশেষ লক্ষণ; রোগের অতীত ইতিহাস; রোগের পারিবারিক ইতিহাস; অসাধারণ, দুর্লভ, বিশিষ্ট, অদ্ভূত, বিষ্ময়কর, অনন্য, নির্দেশক লক্ষণ।

<u>৩। সদৃশতম ঔষধের চূড়ান্ত ধারণা **(Final Concept of the Similimum)**</u> মন এবং ঝোঁক/প্রবণতার পরিবর্তিত অবস্থা। রোগের বিবরণ দু'প্রকার ঃ–

(ক) বর্ণনামূলক (Descriptive) ঃ– রোগী নিজের সম্পর্কে যা কিছু বর্ণনা করে।

(খ) ধারণামূলক (Impressive) ঃ– রোগীর কথা শুনে, আচরণ দেখে চিকিৎসকের মনে যে ধারণা হয়।

লক্ষণ তিন প্রকার ঃ–

(১) মনো দেহিক (Psychosomatic) – রোগ মন থেকে দেহে বিকাশ লাভ করে।

(২) দৈহিক মানসিক (Somatopsychic) – রোগ দেহ থেকে মনে বিকাশ লাভ করে।

(৩) বিশুদ্ধ/সম্পূর্ণ মানসিক (Pure Psychic) – রোগ সম্পূর্ণরূপে মনের সাথে সম্পর্কিত এবং মনে বিকাশ লাভ করে।

মনটাই মানুষ, মনই হলো মানুষের ভিতর প্রবেশের চাবিকাঠি বা প্রবেশদ্বার। (The mind is the man and mind is the key to man) মনের কথা শুনুন এবং মানসিক অবস্থা পর্যবেক্ষণ করুন। মন দেহ সম্পর্কে এবং নিজের আবেগ অনুভূতি ও অন্যদের সম্পর্কে কথা বলে।

সম্মানিত চিকিৎসকদের এবং শিক্ষার্থীদের উদ্দেশ্যে সংক্ষিপ্ত আকারে রোগীদের মন থেকে ব্যক্ত হওয়া অভিব্যক্তিগুলো নিম্নে উল্লেখ করা হলো। রেপার্টরীর MIND অধ্যায়ের সাথে নিম্নবর্ণিত Rubric গুলো মিলিয়ে নেয়ার জন্য এবং রুব্রিকটার মূলভাব বোঝার জন্য অনুরোদ করা যাচ্ছে ঃ–

(১) "কি বলবো শরীরটা অসুস্থ ভালমন্দ বুঝার পর থেকে সুস্থ শরীর কেমন সেটা বুঝলাম না একটা না একটা সব সময় লেগেই আছে। আজসর্দি, কাল জ্বর, পরশু পেটের সমস্যা এই হলো শরীরের অবস্থা।"
DELUSION, sick, that he is [অসুস্থ হবার অলীক বিশ্বাস]

(২) "দিন রাত ২৪ ঘন্টা একটা মূর্হুতও ব্যথার কমতি নাই।"
DELUSION, injured of being

(৩) "একটা ভাল হযে পারে না ওমনি আর একটা সমস্যা এসে দেখা দেয়। গত পাঁচ বছর ধরে ভুগছি, দেহ জ্বালাপালা হযে গেছে।"
DELUSION, injured of being
[আহত/আঘাতপ্রাপ্ত ক্ষতিগ্রস্থ হবার অলীক/ভ্রান্ত বিশ্বাস]

(৪) "ওরে ব্যথা...............রে ব্যথা, ও ব্যথা, ওরে তুই আমারে কেন ধরলি।"

LAMENTING, pain about
[ব্যথা নিয়ে বিলাপ করছে]

(৫) ওরে---------ব্যথা---------রে হুম, কি করবো কোথায় যাব।"
ANGUISH, lamenting, moaning
[নিদারুন যন্ত্রাণায় বিলাপ করছে, গোঙাচ্ছে, কাতরাচ্ছে]

(৬) "আপনি যখনই বলেন এটা নিয়ে টেনশনের কিছু নাই, এটা টিক হয়ে যাবে, তখন আমার টেনশন থাকে না।"

ANXIETY, health about, reassured easily
[স্বাস্থ্য নিয়ে উদ্বেগ/উৎকন্ঠা, দৃঢ় আশ্বাস প্রদানে সহজেই প্রত্যয় জন্মানো যায়]

(৭) "স্যার, আপনি যখন বললেন চিন্তার কিছু নাই। ঔষধ নিয়মিত খান, আবার আগের মত শরীর স্বাস্থ্য ফিরে পাবেন। আমার মনটা খুবই শান্তি পেল।"

CONSOLATION, ameliorates
[সান্ত্বনায় উপশম]

(৮) "আমার যত চিন্তা সবই এই শরীর নিয়ে, কিভাবে শরীর স্বাস্থ্য টিক রাখা যায়। তার জন্য যত প্রকার স্বাস্থ্য বিধি আছে কাঁটায় কাঁটায় মেনে চলি, টাটকা খাবার খাই, নিয়মিত ব্যায়াম করি।"

ANXIETY, health about, careful, therefore, very
[স্বাস্থ নিয়ে উদ্বেগ/উৎকন্ঠা, সে কারণে খুব যত্নশীল]

(৯) "আপনরা না বললে তো কোন কাজই নিজে থেকে করতে পারবো না। আমার ভালমন্দের সব ভারতো আপনার উপর। আমাকে কিভাব চলতে হবে, করতে হবে, খেতে হবে সবইতো আপনার দিক নির্দেশনা মোতাবেক হবে।"

DEPENDENT, physician on the
[চিকিৎসকের উপর র্নিভরশীল]

(১০) "স্যার যদি কোথাও যেতে চান আমাকে কিন্তু অবশ্যই জানিয়ে যাবেন। কখন কি অবস্থা হয় ফোনে সঙ্গে সঙ্গে যেন আপনাকে পেতে পারি। যাতে ব্যবস্থা নিতে পারি।"

INSECURITY, mental
[মানসিকভাবে নিরাপত্তাহীনতার অনুভূতি]

(১১) "স্যার আপনার সব উপদেম নির্দেশ আমার কাছে বেদবাক্য। যেভাবে যা করতে বলবেন, ঠিক সেই ভাবে আমি নির্দেশ পালন করব।"

RELIGIOUS, affection
[ভক্তিপূর্ণ বা নিষ্ঠাপূর্ণ আনুগত্য; অতি যত্নবান]

(১২) "ডাক্তার দেখাবো যখন, তখন একবার ভাল ডাক্তার দেখাবো। স্বাস্থ্য অর্থ দুটোই বাঁচাবে।"

CALCULATIVE [বিচার বিবেচনাপ্রসূত; হিসাবী]

(১৩) "আমি বাংলা ভারত ফেরৎ রোগী আমাকে যদি একবার ভাল করতে পারেন স্যার চারিদিকে রৈ রৈ পড়ে যাবে লাইন দিয়ে রোগী আসা শুরু করবে। একা সামাল দিতে পারবেন না।"

INCITING, others
[অন্যদেরকে প্ররোচিত/উত্তেজিত করছে; উস্কানি দিচ্ছে; খেপাচ্ছে]

(১৪) "সবার শরীর কত সুন্দর। মনের আনন্দে সবাই খাচ্ছে দাচ্ছে ঘুরে বেড়াচ্ছে, যা খুশী তাই করছে। আর আমি এতো চেষ্টা করে শরীরটা ভাল করতে পারলাম না।"

DISCONTENTED health about
[স্বাস্থ্য নিয়ে অতৃপ্ত/অসন্তুষ্ট]

(১৫) "একে সময় কী সুন্দর স্বাস্থ্য ছিল। আর আজ কী অবস্থা হয়ে গেছে। কী ছিলাম আর কী হয়ে গেলাম। অন্যদের শরীর কত সুন্দর।"

SADNESS, health about
[স্বাস্থ্য নিয়ে বিষন্নতা]

(১৬) "সবার মুখটা কত সুন্দর। আর আমার মুখে ব্রণ উঠে কি বিশ্রী হয়ে গেছে।"

SADNESS, disease about
[রোগ নিয়ে বিষণ্নতা]